দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28 JAN 20 3
পৃষ্ঠা ...

# 'উপবৃত্তি প্রকল্পভুক্ত শিক্ষার্থীদের অর্জিত শিক্ষা খুবই নিম্নমানের'

ইত্তেফাক রিপোর্ট ঃ আগে ছিল শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী। এখন চালু হয়েছে শিক্ষার জন্য উপবৃত্তি। সরকার নতুন এই কর্মসূচী সফল করার লক্ষ্যে ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে। কিন্তু প্রয়োজনীয় লোকবলের অভাব, মাঠ পর্যায়ের শিক্ষক-কর্মকর্তা ও জন প্রতিনিধিদের অসহযোগিতা এবং সুবিধাভোগী ছাত্র-ছাত্রী নির্বাচনের ক্ষেত্রে দুর্নীতির "হলে" দেশের কোন কোন এলাকায় নির্ধারিত প্রকল্প বাস্তবায়নে এক ধরনের অনিশ্চয়তা দেখা দিয়েছে। পর্যবেক্ষণে দেখা গেছে, শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্প বহির্ভূত (১৪শ পৃঃ ২-কঃ দ্রঃ)

## উপবৃত্তি প্রকল্পভুক্ত

(৩য় পৃঃ পর)

শিক্ষার্থীদের তুলনায় প্রকল্পভুক্ত শিক্ষার্থীদের অর্জিত শিক্ষামানের স্তর খুবই নিম্নমানের। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা প্রফেসর জাহানারা বেগম শনিবার এক সেমিনারে এ ব্যাপারে সংশ্লিষ্ট সকল মহলকে হুঁশিয়ার করে দিয়ে বলেছেন, প্রকল্পভুক্ত শিক্ষার্থীদের শিক্ষার মান বৃদ্ধি করতে হবে। উপবৃত্তি বিতরণে কারও শৈথিল্য, অবহেলা, কারচুপি, অর্থ আত্মসাৎ ইত্যাদি কোনভাবেই বরদাশত করা হবে না। এ ধরনের ঘটনা ঘটিলে সরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করবে। আগারগাঁওস্থ এলজিইডি ভবন মিলনায়তনে প্রাথমিক শিক্ষা বিস্তার ও মান উন্নয়নে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্পের ভূমিকা শীর্ষক এই সেমিনারে নায়েমের সাবেক মহাপরিচালক ডঃ আনোয়ারুল হক মূল প্রবন্ধ পাঠ করেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব প্রফেসর ডাঃ তাহমিনা হোসেন বিশেষ অতিথি ছিলেন। স্বাগত ভাষণ দেন প্রকল্পের পরিচালক একেএম মাহবুবুউল আলম। সভাপতিত্ব করেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর এএম মোসাদ্দেকুল ইসলাম।